


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন  
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)



বিষয়: যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন 'দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (ইমপ্যাক্ট)-৩য় পর্যায় (২য় সংশোধিত)-শীর্ষক প্রকল্পের ২০২৫-২০২৬ অর্থবছরে বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনের লক্ষ্যে গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও প্রকল্পের সার্বিক কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে জুম প্ল্যাটফর্মে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : এ কে এম মক্দিমুল ইসলাম

সভার তারিখ : ২৯-০১-২০২৬ খ্রি.

সময় : সকালঃ ১০.০০টা

সভার স্থান : ভার্চুয়াল সভা

সভার উপস্থিতি : সভায় জুম প্ল্যাটফর্মে ৬৪ জেলার উপপরিচালক এবং প্রকল্পের বিভাগ ও জেলার জনবল উপস্থিত ছিলেন।

সভাপতি জুম প্ল্যাটফর্মে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি প্রকল্পের চলতি অর্থবছরে (২০২৫-২০২৬) জুলাই ২০২৫ থেকে জানুয়ারি ২০২৬ মাসে লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্মিত বায়োগ্যাস প্ল্যান্টের অগ্রগতি ও ঋণ বিষয়ে আলোচনা করেন। আগামী ০৫(পাঁচ) মাসে বায়োগ্যাস প্ল্যান্ট নির্মাণের লক্ষ্যমাত্রা কিভাবে অর্জন করা সম্ভব তার কর্মপরিকল্পনা সভায় জানতে চাওয়া হয়। উপপরিচালকগণ সভাকে অবহিত করেন যে, আগামী ০৫(পাঁচ) মাসে অবশিষ্ট লক্ষ্যমাত্রা বাস্তবায়নে কর্মপরিকল্পনা প্রণয়ন ও অগ্রগতি অর্জনে তারা সর্বাত্মক চেষ্টা করবেন।

বেশ কিছু জেলায় লক্ষ্যমাত্রা অনুযায়ী বায়োগ্যাস প্ল্যান্ট নির্মাণের অগ্রগতি একেবারেই সন্তোষজনক নয়। এ বিষয়ে সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। স্ব-স্ব জেলা প্রতি সত্তাহে প্রকল্পের জনবলের সাথে বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করে বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনে বছরের লক্ষ্যমাত্রা অবশ্যই অর্জন করতে হবে মর্মে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

প্রকল্প পরিচালক, ডাটাবেজে প্রকল্পের ঋণের তথ্য আগামী ১০ ফেব্রুয়ারি ২০২৬ এর মধ্যে আপলোড এবং মাস্টার রেকর্ডারে তথ্য হালনাগাদ করণের বিষয়ে আলোচনা করেন। তিনি জানান, বেশ কিছু উপজেলায় কিস্তির টাকা খেলাপি আছে কিস্তি খেলাপি টাকা দ্রুত আদায়ের ব্যবস্থা করতে হবে। ডাটাবেজে ঋণের ডাটা এন্ট্রি দিয়ে এর স্বচ্ছতা আনয়ন করা সম্ভব। এ বিষয়ে সবাইকে আন্তরিক হওয়ার জন্য তিনি অনুরোধ করেন।

জনাব মোঃ হামিদুর রহমান, উপপরিচালক (ইমপ্যাক্ট)-৩য় পর্যায় (২য় সংশোধিত), ঋণের সমন্বিত মাসিক প্রতিবেদন (১৭ কলাম), লক্ষ্যমাত্রা অনুযায়ী কর্মপরিকল্পনার মাধ্যমে বায়োগ্যাস প্ল্যান্ট নির্মাণের অগ্রগতি এবং ঋণ ফান্ড স্থানান্তর সংক্রান্ত বিষয় সভায় উপস্থাপন করেন। তিনি ডাটাবেজে ঋণের তথ্য আপলোডের বিষয়ে আলোচনা করেন।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ


১. জানুয়ারি ২০২৬ পর্যন্ত অর্জিত অগ্রগতির বিপরীতে অবশিষ্ট বায়োগ্যাস প্ল্যান্ট নির্মাণের লক্ষ্যমাত্রা অর্জনের কর্মপরিকল্পনা ২২ ফেব্রুয়ারি ২০২৬ এর মধ্যে পিআইইউ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।
২. ঋণের মাসিক প্রতিবেদন (১৭ কলামের) মাসের ০৫(পাঁচ) তারিখের মধ্যে হার্ড কপি কুরিয়ার/ডাকযোগে ও সফট কপি [pdimpact@dyd.gov.bd](mailto:pdimpact@dyd.gov.bd) ইমেইল যোগে পিআইইউ কার্যালয়ে প্রেরণের ব্যবস্থা করতে হবে।
৩. ১০ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের মধ্যে ঋণের ডাটাবেজে ঋণের তথ্য আপলোড এবং মাস্টার রেকর্ডারে তথ্য হালনাগাদ নিশ্চিত করতে হবে।
৪. ঋণের অভ্যন্তরীণ অডিট রিপোর্ট দ্রুত পিআইইউ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

১৫২৬

৫. প্রকল্পের জনবলের নিয়মিত অফিসে উপস্থিতি নিশ্চিত করতে হবে। প্রতি সপ্তাহে তাদের সাথে মিটিং করে কাজের লক্ষ্যমাত্রা ও অগ্রগতি পর্যালোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬. ডাটাবেজ সফটওয়্যারে প্রকল্পের খণ্ডের মাসিক তথ্য সঠিক ভাবে আপলোড হয়েছে কিনা জেলার উপপরিচালকগণ তা নিশ্চিত করবেন।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে খন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


  
০৬.০২.২০২৬  
এ কে এম মকিমুল ইসলাম  
প্রকল্প পরিচালক  
ইমপ্ল্যান্ট-৩য় পর্যায়  
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং- ৩৪.০১.০০০০.০৪৪.০৬.৮৬.২৫- ২৫৭৬

তারিখ: ২০ মাঘ ১৪৩২  
০৩ ফেব্রুয়ারি ২০২৬

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থেঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। যুগ্মসচিব (উন্নয়ন-১ অধিশাখা), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। পরিচালক(প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৩। পরিচালক(পরিকল্পনা), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৪। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর,.....(সকল) জেলা।
- ✓ ০৫। প্রোগ্রামার, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
- ০৬। মহাপরিচালক (শ্রেণি-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৭। অফিস কপি।

  
০৩.০২.২০২৬  
মোঃ হামিদুর রহমান  
উপপরিচালক  
ইমপ্ল্যান্ট-৩য় পর্যায় প্রকল্প  
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।